

টেলিস্কোপ

আমি খুব

ভূতের
ভয় পাই”‘গুরুদক্ষিণা’র
‘রাগিনী বসু’ অর্থাৎ
অঙ্কিতা মজুমদারের
সঙ্গে একান্ত
আড্ডায়
রামিজ আলি
আহমেদ

পর্দার সঙ্গে ব্যক্তিসত্তার মিল এবং অমিল।

রাগিনী বসুর সঙ্গে অঙ্কিতার কিছুটা মিল রয়েছে। যেমন রাগিনীর চরিত্রটা ভীষণ পজিটিভ, স্ট্রিক্ট এবং স্মার্ট-ব্যক্তিগতভাবে আমি স্মার্ট লুকে থাকতে পছন্দ করি, খুব বেশি মেকআপ, সাজগোজ করতে একদম পছন্দ করি না। লুক ওয়াইজ এবং পাসোনাগুলির দিক থেকে মিল রয়েছে। অমিল বলতে রাগিনী ক্যারাক্টারে ব্যাকবেন্ট কিন্তু বাস্তবে অঙ্কিতা ক্যারাক্টারে করতে পারে না। অঙ্কিতা একটু ইন্ট্রোভার্ট-বেশি লোকজনের সঙ্গে কথা বলতে পছন্দ করে না।

পড়াশোনা ও পরিবার।

আমি মফসসলের মেয়ে। নদিয়ার চাকদাতে আমার জন্ম ও বড় হয়ে ওঠা। চাকদাতেই স্কুলিং, নৈহাটি কলেজ থেকে বাংলায় স্নাতক হই। কল্যাণী বিশ্ববিদ্যালয় থেকে বাংলায় স্নাতকোত্তর। আমার পরিবার বলতে আমার তিনজন--আমি, আমার বাবা ও আমার মা।

প্রথম কাজ।

কেরিয়ার শুরু স্টিল শুট দিয়ে। তারপর ভাগ্যগুণে মেগাতে সুযোগ পেয়ে যাই। আমার প্রথম কাজ স্টার জলসায় ‘মেঘের পালক’-এ। ওখানে নেগেটিভ লিডটা আমি করতাম।

পরবর্তী মেগাগুলি।

তারপর তো অনেক মেগাতেই কাজ করে ফেললাম। ‘মেঘের পালক’-এর পর ‘জোশ’, ‘ভূমি আসবে বলে’, ‘দুই পৃথিবী’, ‘রাগে অনুরাগে’, ‘আমাদের ছোটো নদী’, সম্প্রতি করলাম ‘জড়োয়ার ঝুমকো’। ‘জড়োয়ার ঝুমকো’-র জড়োয়া চরিত্রটা আমাকে অনেকটাই পরিচিতি দিয়েছে। আর এখন করছি ‘গুরুদক্ষিণা’।

প্রিয় চরিত্র।

আমার প্রথম মেগা ‘মেঘের পালক’-এর এলিনা চরিত্রটা সবচেয়ে প্রিয়। ‘জোশ’-এ কলেজ গোর্গিং মেঘের চরিত্রটাও প্রিয় ছিল। তবে জড়োয়ার চরিত্রটা খুব মিস করি। এখন ‘গুরুদক্ষিণা’র চরিত্রটাও বেশ পছন্দের। এক পুলিশের চরিত্র যে ক্যারাক্টারে জানে। চরিত্রটা করতে বেশ মজা পাচ্ছি।

বাড়িতে সময়।

শুটিং-এর জন্য বাড়িতে সময় খুব কম দেওয়া হয়। তবে আমি ভীষণ হোমলি, পাটি করতে একদম পছন্দ করি না। বাড়িতে থাকলে রান্না করি।

বাড়ির চোখে অভিনয়।

মফসসলের মেয়ে, মিডল ক্লাস ব্যাকগ্রাউন্ড। তাই আমি যে অভিনয়ে আসব এটা বাড়িতে ভাবতেই পারেনি। ব্যাপারটা প্রথমে অনুকূল ছিল না। অনেক লড়াই করে এই জায়গাতে আসতে হয়েছে। মফসসল থেকে কলকাতায় আসা, একা থাকা, কাজ পাওয়া, বেশ স্ট্রাগলিং তবে বাড়ি এখন আমায় নিয়ে বেশ খুশি এবং গর্বিত।

শুটিং স্পটের মজার ঘটনা।

আমি খুব ভূতের ভয় পাই। দাসানী-২ স্টুডিওতে যেদিন প্রথম শুটিং-এ গিয়েছিলাম সেখানে এক হেয়ার ড্রেসার দিদি আমাকে মজা করে বলেন এখানে রাত ৯ টার পর ভূত দেখা যায়! আমি ভয়ে মেকআপ রুমে যেতাম না। রাত্রি ৯ টা বাজলে ফ্লোরে চলে যেতাম। দু’-তিন দিন পরে বুঝতে পারলাম আমার সঙ্গে মজা করা হয়েছে।


কী খাই।

আমি একদম ফুডি নই। তবে ফুচকা খেতে খুব ভালবাসি।

প্যাশন।

অভিনয়টাই আমার প্যাশন।

সন্তান



বাবা হচ্ছেন টেলি-তারকা করণ প্যাটেল। নভেম্বর নাগাদ করণের স্ত্রী অঙ্কিতা ভার্গভ সন্তানের জন্ম দিতে চলেছেন। ২০১৫-র ৩ মে করণের বিয়ে হয়েছিল অঙ্কিতার সঙ্গে। করণ এবং অঙ্কিতা আনুষ্ঠানিকভাবে খুশির খবরটা এখনও জানাননি। তবে সংবাদমাধ্যমের শুভেচ্ছার উত্তর দিয়েছেন ‘স্মাইলি’ পাঠিয়ে। দু’জনের সম্পর্ক ভাল যাচ্ছে না বলে এক সময় গুজব রটেছিল। তবে শত্রুর মুখে ছাই দিয়ে বাবা-মা হতে চলেছেন করণ ও অঙ্কিতা।

খুলেই গেল!



ওয়ার্ডরোব ম্যাল ফ্যাশন এবার সিরিয়ালের শুটিং-এও! প্যান্ট খুলে গেল ছোটপর্দার হ্যাডসাম অভিনেতা রোহিত সূচান্ত্রি! ‘রিন্তা লিখেছে নয়’-র দৌলতে রোহিত এখন ছোটপর্দার দর্শক মহলে দিব্যি চেনা মুখ। রাজস্থানি পোশাক পরে শুটিং করছিলেন রোহিত। কিন্তু প্যান্টের বাধন বোধ হয় তেমন পোক্ত ছিল না। একটি দৌড়োনার দৃশ্যে রোহিতের প্যান্ট খুলে যায় গোটা ইউনিটের সামনে। অন্তর্বাস এ যাত্রা লজ্জার হাত থেকে বাঁচায় অভিনেতাকে!

নতুন নজর

‘ইশকবাজ’-এর পর প্রযোজক গুল খান আনছেন নতুন একটি মেগা ধারাবাহিক। নাম ‘নজর’। স্টার প্লাসে সম্প্রচারিত হবে থ্রিলার ধর্মী এই সিরিয়াল। কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করার কথা হর্ষ রাজপুত ও নিয়তি ফাতনানি-র। জনপ্রিয় টিভি অভিনেতা কপিল সোমি-ও যোগ দিচ্ছেন নতুন এই মেগায়। কপিলকে সম্প্রতি ‘লাডো-২’-এ অভিনয় করতে দেখা গিয়েছে। টিভির পর্দায় ‘নজর’ রাখুন নতুন থ্রিলারের অপেক্ষায়।

ফিরছেন



‘বালক দিখলা যা’-র বিচারকের আসনে বসেই ছোটপর্দায় পা রেখেছিলেন মাধুরী দীক্ষিত। আবার তিনি ফিরছেন টিভিতে। বড়পর্দার ব্যক্ততার মাঝেই ‘ডাস দিওয়ানে’ নামক নতুন এক নাচের শো-এর বিচার করতে দেখা যাবে মাধুরীকে। নাচের প্রতি প্রতিযোগীদের ‘প্যাশন কেমন, সেটাই গুরুত্ব দিয়ে বিচার করবেন মাধুরী। কারণ তাঁর জীবনে ‘নাচ’, অভিনয়ের মতোই গুরুত্বপূর্ণ একটি অংশ। রিয়ালিটি শো-টি সম্প্রচারিত হবে কালার্স-এ। পরিচালক শশাঙ্ক খৈতান।

বড়পর্দায় দারুণ সফল, কিন্তু শুরুটা করেছিলেন ছোটপর্দায়। আজও সম্মান করেন ছোটপর্দার জগৎটাকে। এ রকমই কিছু তারকা শিল্পী বলবেন ছোটপর্দার সঙ্গে সখ্যের কথা। চোখ রাখুন টেলিস্কোপ-এ।